The Financial Express

05 JAN 2026

# Export on decline, deeper dip in Dec

## 6-month count $23.9b, posts 2.19pc YoY fall

FE REPORT

Bangladesh's merchandise exports have been on the decline for five consecutive months to December when the dip was the deepest at 14.25 per cent year on year in terms of earning.

The sharp decline in December 2025, by official count, also put the overall export growth in negative territory during the first half or July-December period of the current fiscal year of 2025-26.

The scale was weighed down by a negative growth in export of readymade garments (RMG)--the country's largest foreign-currency earner--alongside declines in agricultural products and several non-traditional export sectors.

The fall was caused by a negative growth of readymade garment (RMG) exports, the country's largest foreign currency earner, alongside declines in agricultural products and several non-traditional export sectors.

Bangladesh received U$3.96 billion from exports last month, which was $4.62 billion in December 2024, according to the Export Promotion Bureau (EPB) data released Sunday.

Exports started witnessing year-on-year negative growth in August 2025 when the country recorded a 2.93-percent fall. This was followed by a decline of 4.61 per cent, 7.43 per cent and 5.58 per cent in September, October and November, respectively.

Of the total December earnings, RMG fetched $3.23 billion, logging a 14.23-percent negative growth compared to that in the same month of 2024, the EPB data revealed.

The overall exports, however, stood at $23.99 billion during the July-December period of FY26, reflecting 2.19-percent year-on-year negative growth.

Bangladesh earned $24.53 billion in the first half of the fiscal year 2024-25.

As usual, RMG maintained its lead, contributing $19.88 billion, in 2.63-percent negative growth, to the total export earnings during the first six months of the current fiscal year.

Within this segment, knitwear exports fell 3.22 per cent to $10.83 billion, while that of woven garments declined by 1.91 per cent to $9.05 billion.

Sources say while the strong performance in July reflects resilience, the slowdown since August highlights challenges for Bangladesh's export sector amid fluctuating global demand and evolving market dynamics.


*Munni_fe@yahoo.com*

১ [stamp]

0 5 JAN 2026 The Daily Star

# Exports fell nearly 5% in 2025

## Merchandise shipments dropped in Dec for a fifth straight month as overseas buyers sit on excess inventories amid weak demand



SOURCE: EPB

REFAYET ULLAH MIRDHA

The country's merchandise exports declined by nearly 5 percent last year, falling to $47.74 billion compared with the previous year, according to official data, as weak global demand for garments and other consumer goods weighed on shipments.

The calendar year closed against a turbulent global backdrop. The prolonged Russia-Ukraine war, Israeli attacks on Palestine and assaults on five other countries heightened tensions across the Middle East, disrupting trade routes and unsettling global supply chains.

These shocks rippled through international

Garments, which make up more than 84 percent of the country's export earnings, lost pace during the crucial season for Christmas deliveries in August, September and October.

Retailers in Western markets had already built up inventories, leading to a temporary lull in new orders. The new tariffs also pushed up prices for US consumers, curbing demand and adding further pressure on Bangladeshi exporters.

Even so, manufacturers expect shipments to recover once excess inventories are cleared and demand begins to normalise.

The Trump tariff measures also sharpened competition in major apparel markets. After facing higher duties in the United States,

fell by 13.74 percent to $1.61 billion, while woven exports slid by 14.71 percent to $1.52 billion, according to data released yesterday by the Export Promotion Bureau (EPB).

Despite the sharp overall decline in December, several non-RMG sectors recorded growth compared with November 2025.

Jute and jute goods, specialised textiles, home textiles, frozen and live fish, vegetables, chemical products, rubber, leather and bicycles all posted gains, pointing to progress in export diversification.

Among major destinations, the United States, Germany and the United Kingdom remained the top three markets in December. Exports to these countries grew by 7.14

REFAYET ULLAH MIRDHA

The country's merchandise exports declined by nearly 5 percent last year, falling to $47.74 billion compared with the previous year, according to official data, as weak global demand for garments and other consumer goods weighed on shipments.

The calendar year closed against a turbulent global backdrop. The prolonged Russia-Ukraine war, Israeli attacks on Palestine and assaults on five other countries heightened tensions across the Middle East, disrupting trade routes and unsettling global supply chains.

These shocks rippled through international commerce and dampened consumer demand in key markets.

Global disruptions hit apparel exports particularly hard. Bangladesh was not alone. Other major exporters in the region, including China, India and Vietnam, also saw their clothing shipments slow as buyers cut orders and trimmed inventories.

Adding to the strain were reciprocal tariffs imposed by the United States, which weighed on exports for much of 2025. Ahead of the finalisation of higher duties, local exporters rushed shipments from April through the first week of August to beat the deadline.

That front-loading came at a cost. Garments, which make up more than 84 percent of the country's export earnings, lost pace during the crucial season for Christmas deliveries in August, September and October.

Retailers in Western markets had already built up inventories, leading to a temporary lull in new orders. The new tariffs also pushed up prices for US consumers, curbing demand and adding further pressure on Bangladeshi exporters.

Even so, manufacturers expect shipments to recover once excess inventories are cleared and demand begins to normalise.

The Trump tariff measures also sharpened competition in major apparel markets. After facing higher duties in the United States, large exporters such as China, India, Pakistan, Vietnam, Thailand, Cambodia, Indonesia and Turkey redirected similar products to other destinations, including the European Union, often at lower prices.

During the July-December period, garment exports fell by 2.63 percent to $19.36 billion compared with the same period in 2024. Knitwear exports dropped 3.22 percent to $10.48 billion, while woven garment shipments declined by 1.91 percent to $8.87 billion.

The slowdown gathered pace in December. That month, garment exports plunged by 14.23 percent to $3.14 billion. Knitwear shipments fell by 13.74 percent to $1.61 billion, while woven exports slid by 14.71 percent to $1.52 billion, according to data released yesterday by the Export Promotion Bureau (EPB).

Despite the sharp overall decline in December, several non-RMG sectors recorded growth compared with November 2025.

Jute and jute goods, specialised textiles, home textiles, frozen and live fish, vegetables, chemical products, rubber, leather and bicycles all posted gains, pointing to progress in export diversification.

Among major destinations, the United States, Germany and the United Kingdom remained the top three markets in December. Exports to these countries grew by 7.14 percent, 18.08 percent and 14.50 percent, respectively.

Shipments to emerging and strategic markets also expanded. Exports to the United Arab Emirates rose by 25.39 percent, Australia by 21.33 percent, and Canada by 9.13 percent. The EPB said the figures showed Bangladesh was gradually widening its global footprint.

In overall terms, merchandise exports in December fell by 14.25 percent year-on-year to $3.96 billion, marking the fifth consecutive month of decline. Compared with November, however, exports edged up by 1.97 percent, offering a tentative sign of month-on-month recovery.

In its monthly report, the EPB said weakening global demand, US tariffs, intensifying competition, rising production costs and ongoing geopolitical uncertainty had created heavy external pressure on export performance.

Domestic challenges also played a role. Industry leaders cited volatile political conditions and limited access to bank financing as key constraints on exporters.

Amid the gloom, there were some brighter notes. Md Abul Hossain, chairman of the Bangladesh Jute Mills Association, said exports of jute and jute goods had risen over the past six months, driven by stronger shipments of value-added products.

Md Shehab Udduza Chowdhury, vice-president of the Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), said demand from the United States weakened as prices rose following the tariffs.

Exports to the European Union, he added, were hurt by lower-priced shipments from competitors such as China, India and Vietnam.

oreign companies, offering a
ectrum of products and trade

কালবেলা

0 5 JAN 2026



পূর্বাচলে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় বাড়ছে ক্রেতা-দর্শনার্থী। রোববারের ছবি »কালবেলা

# বাণিজ্য মেলায় ক্রেতার চেয়ে দর্শনার্থী বেশি

**দ্বিতীয় দিন**

**জাহাঙ্গীর মাহমুদ,** রূপগঞ্জ (নারায়ণগঞ্জ)

নারায়ণগঞ্জের পূর্বাচলে বাংলাদেশ-চায়না এক্সিবিশন প্যাভিলিয়নে শুরু হয়েছে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার ৩০তম আসর। মেলার দ্বিতীয় দিনে ক্রেতাদের তুলনায় দর্শনার্থীর উপস্থিতিই বেশি চোখে পড়ছে। তবে মেলা কিছুদিন গেলেই বেচাবিক্রি বাড়বে বলে প্রত্যাশা করছেন স্টল বরাদ্দ নেওয়া ব্যবসায়ীরা।

১ জানুয়ারি মেলার উদ্বোধন নির্ধারিত থাকলেও সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে তিন দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণায় তা পিছিয়ে ৩ জানুয়ারি উদ্বোধন করা হয়। বাণিজ্য মন্ত্রণালয় ও রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) যৌথভাবে এবারের মেলার আয়োজন করেছে।

এবারের মেলায় বাংলাদেশ ছাড়াও ভারত, পাকিস্তান, থাইল্যান্ড, তুরস্ক, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, হংকং, সিঙ্গাপুর ও নেপালসহ বিভিন্ন দেশের পণ্যে সাজানো হয়েছে স্টলগুলো। শুরু থেকেই দর্শনার্থীদের ভিড় লক্ষ্য করা যাচ্ছে। কেউ ঘুরে দেখছেন প্যাভিলিয়ন, কেউ আবার স্টল ও সাজসজ্জার সঙ্গে ছবি তুলছেন।

আয়োজক সূত্র জানায়, দেশি-বিদেশি মিলিয়ে এ বছর ৩২৭টি স্টল বরাদ্দ দেওয়া হয়েছে। এর মধ্যে এখন পর্যন্ত ৩০৪টি স্টল বিক্রি হয়েছে, বাকি স্টলগুলোও শিগগির বিক্রি হয়ে যাবে বলে আশা করা হচ্ছে। যাতায়াত সুবিধায় বিশ্বরোড, ফার্মগেট, নারায়ণগঞ্জ ও নরসিংদী থেকে প্রতিদিন সকাল ৮টা থেকে ২০০টির বেশি ডেডিকেটেড শাটল বাস চালু রয়েছে। নিরাপত্তায় ট্রাফিক ও টহলসহ প্রায় এক হাজার পুলিশ সদস্য মোতায়েন করা হয়েছে।

আকিজ হেলথকেয়ার অ্যান্ড হাইজিন লিমিটেডের এক্সিকিউটিভ আরমান আহমেদ বলেন, প্রতিবারের মতো এবারও আমরা মেলায় অংশ নিয়েছি। এখন দর্শনার্থী বেশি হলেও কয়েকদিন পর বেচাবিক্রি বাড়বে বলে আশা করছি। আমাদের লক্ষ্য পণ্যের প্রচারের পাশাপাশি বিক্রি বাড়ানো।

স্মৃতি ফ্যাশন জুয়েলারির ব্যবস্থাপনা পরিচালক জিহাদ বলেন, 'এবার আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উপস্থিতি আগের চেয়ে বেশি, যা প্রশংসনীয়। তবে শুরুতে বিক্রি কম। সামনের দিনগুলোয় পরিস্থিতি বদলাবে বলে আশা করছি।'

নারায়ণগঞ্জের সানারপাড় থেকে পরিবার নিয়ে মেলায় এসেছেন বিপ্লব চন্দ্র দাস। তিনি বলেন, কিছু কেনাকাটা করেছি। শেষের দিকে আবার আসব, তখন ছাড় বেশি পাওয়া যায়। প্রশাসনিক ব্যবস্থাও এবার ভালো লেগেছে।

নরসিংদী থেকে আসা দর্শনার্থী সালাউদ্দিন আহমেদ জানান, সকালে এসে কিছু কেনাকাটা করেছি। দাম একটু বেশি মনে হয়েছে। শেষের দিকে ছাড় পেলে আবার আসব।

এ বিষয়ে ইপিবির সচিব ও বাণিজ্য মেলার পরিচালক তরফদার সোহেল রহমান বলেন, মেলায় আগত দর্শনার্থী ও ব্যবসায়ীদের জন্য ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা নেওয়া হয়েছে। বরাদ্দ দেওয়া স্টলগুলোর অধিকাংশই বিক্রি হয়েছে, বাকিগুলোও দ্রুত বিক্রি হয়ে যাবে।

প্রথম আলো
05 JAN 2026

## গত দুই অর্থবছরের রপ্তানির পরিমাণ

| ২০২৪-২৫ | ২০২৫-২৬ | প্রবৃদ্ধি |
|---|---|---|
| ২,৪৫৩ কোটি ডলার | ২,৪০০ কোটি ডলার | -২.১৯ শতাংশ |

সূত্র : ইপিবি

### শীর্ষ ৫ খাতের পণ্য রপ্তানি

হিসাব জুলাই-ডিসেম্বর পর্যন্ত; রপ্তানির পরিমাণ কোটি ডলারে



| খাত | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | প্রবৃদ্ধি |
|---|---|---|---|
| কৃষি প্রক্রিয়াজাত পণ্য | ৬০ | ৫৩ | -১০.৩০% |
| তৈরি পোশাক | ১,৯৮৯ | ১,৯৩৭ | -২.৬৩% |
| হোম টেক্সটাইল | ৪১ | ৪২ | ২.৯৩% |
| চামড়া ও চামড়াজাত পণ্য | ৫৮ | ৬১ | ৫.৬১% |
| পাট ও পাটজাত পণ্য | ৪১.৭৪ | ৪১.৮৭ | ০.৩১% |

# শীর্ষ ৫ খাতের রপ্তানি কমেছে ডিসেম্বরে

**ইপিবির তথ্য**

রাজনৈতিক পটপরিবর্তনসহ বিভিন্ন চ্যালেঞ্জ সত্ত্বেও গত অর্থবছরে পণ্য রপ্তানিতে সাড়ে ৮ শতাংশ প্রবৃদ্ধি হয়েছিল।

**নিজস্ব প্রতিবেদক,** *ঢাকা*

বৈদেশিক মুদ্রা আয়ের প্রধান দুই উৎসের একটি প্রবাসী আয় বাড়লেও পণ্য রপ্তানি নেতিবাচক ধারায় চলে গেছে। পাঁচ মাস ধরে রপ্তানি কমছে। এর মধ্যে গত ডিসেম্বরে শীর্ষ পাঁচ খাতের রপ্তানি কমেছে। এতে চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রথমার্ধে (জুলাই-ডিসেম্বর) দেশের সামগ্রিক পণ্য রপ্তানি কমেছে প্রায় ২ শতাংশ।

রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) গতকাল রোববার চলতি অর্থবছরের প্রথমার্ধের হালনাগাদ রপ্তানি তথ্য প্রকাশ করেছে। গত নভেম্বরের শেষেও সামগ্রিক পণ্য রপ্তানি ইতিবাচক ধারায় ছিল। ডিসেম্বরের শেষে রপ্তানি নেতিবাচক হয়ে গেছে। অথচ রাজনৈতিক পটপরিবর্তনসহ বিভিন্ন চ্যালেঞ্জ সত্ত্বেও গত অর্থবছরে পণ্য রপ্তানিতে সাড়ে ৮ শতাংশ প্রবৃদ্ধি হয়েছিল।

দেশের রপ্তানিকারকেরা বলছেন, যুক্তরাষ্ট্রের বাজারে পাল্টা শুল্ক আরোপের পর বাড়তি ক্রয়াদেশের যে প্রত্যাশা তৈরি হয়েছিল, সেটি পাওয়া যায়নি। উল্টো ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) দেশগুলোতেও প্রতিযোগিতার মুখে পড়তে হচ্ছে। প্রতিবেশী ভারত বিধিনিষেধ আরোপ করায় সে দেশেও রপ্তানি নিম্নমুখী। আবার দেশেও ব্যাংক খাতের কড়াকড়িতে অনেক রপ্তানিকারক সংকটে পড়েছে। গ্যাস-বিদ্যুতের সংকটের পাশাপাশি এগুলোর মূল্যবৃদ্ধির কারণেও ব্যবসার খরচ বেড়েছে। সব মিলিয়ে পণ্য রপ্তানি খাত চাপের মুখে পড়ে গেছে বলে দাবি করছেন তাঁরা।

ইপিবির তথ্যানুযায়ী, চলতি অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ে বাংলাদেশ থেকে ২ হাজার ৪০০ কোটি মার্কিন ডলারের পণ্য রপ্তানি হয়েছে। এর আগের অর্থবছরের একই সময়ে রপ্তানি হয়েছিল ২ হাজার ৪৫৩ কোটি ডলারের পণ্য। এক বছরের ব্যবধানে রপ্তানি আয় কমেছে প্রায় ৫৩ কোটি ডলার, যা শতাংশের হিসাবে ২ দশমিক ১৯।

এ অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে পণ্য রপ্তানিতে ২৫ শতাংশ প্রবৃদ্ধি হয়। তারপর পাঁচ মাস ধরে তা কমেছে। সদ্য বিদায়ী ডিসেম্বরে পণ্য রপ্তানি কমেছে ১৪ দশমিক ২৫ শতাংশ। এই মাসে রপ্তানি হয়েছে ৩৯৭ কোটি ডলারের পণ্য। অন্যদিকে ২০২৪ সালের ডিসেম্বরে ৪৬৩ কোটি ডলারের পণ্য রপ্তানি হয়েছিল।

ইপিবির তথ্য বিশ্লেষণে দেখা যায়, বাংলাদেশের শীর্ষ পাঁচ রপ্তানি খাত হচ্ছে তৈরি পোশাক, চামড়া ও চামড়াজাত পণ্য, কৃষি প্রক্রিয়াজাত পণ্য, হোম টেক্সটাইল এবং পাট ও পাটজাত পণ্য। চলতি অর্থবছরের প্রথমার্ধে মোট রপ্তানিতে এই পাঁচ খাতের হিস্যা ৮৯ শতাংশ। শুধু তৈরি পোশাক খাতের হিস্যাই ৮১ শতাংশ।

তৈরি পোশাকের রপ্তানি কমে যাওয়ার কারণেই সামগ্রিক রপ্তানিতে চাপ বেশি পড়েছে। চলতি অর্থবছরের প্রথমার্ধে ১ হাজার ৯৩৭ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়েছে। গত অর্থবছরের একই সময়ে রপ্তানি হয়েছিল ১ হাজার ৯৮৯ কোটি ডলারের পণ্য। তার মানে, রপ্তানি কমেছে ২ দশমিক ৬৩ শতাংশ।

চলতি অর্থবছরের আগস্ট থেকে ডিসেম্বর পর্যন্ত পাঁচ মাস তৈরি পোশাক রপ্তানি কমেছে। গত ডিসেম্বরে রপ্তানি হয়েছে ৩১৪ কোটি ডলারের তৈরি পোশাক। এই রপ্তানি তার আগের বছরের ডিসেম্বরের তুলনায় ১৪ দশমিক ২৩ শতাংশ কম। দ্বিতীয় শীর্ষ রপ্তানি খাত চামড়া ও চামড়াজাত পণ্য।

তৃতীয় শীর্ষ রপ্তানি খাত প্রক্রিয়াজাত কৃষিপণ্যের রপ্তানিও কমেছে। চলতি অর্থবছরের প্রথমার্ধে ৫৩ কোটি ডলারের প্রক্রিয়াজাত কৃষিপণ্য রপ্তানি হয়। এই রপ্তানি আগের বছরের একই সময়ের তুলনায় ১০ শতাংশ কম। গত ডিসেম্বরে ৭ কোটি ডলারের প্রক্রিয়াজাত কৃষিপণ্য রপ্তানি হয়েছে। এই রপ্তানি ২০২৪ সালের ডিসেম্বরের তুলনায় সাড়ে ২৭ শতাংশ কম।

**তিন খাতে প্রবৃদ্ধি থাকলেও ডিসেম্বরে পতন**

শীর্ষ পাঁচ খাতের মধ্যে চামড়া ও চামড়াজাত পণ্য, হোম টেক্সটাইল এবং পাট ও পাটজাত পণ্যের রপ্তানিতে চলতি অর্থবছরের প্রথমার্ধে ইতিবাচক প্রবৃদ্ধি দেখা গেছে। তবে তিন খাতের রপ্তানি ডিসেম্বরে কমেছে।

ইপিবির তথ্যানুযায়ী, চলতি অর্থবছরের প্রথমার্ধে ৬১ কোটি ডলারের চামড়া ও চামড়াজাত পণ্য রপ্তানি হয়েছে। এই রপ্তানি গত বছরের একই সময়ের তুলনায় ৫ দশমিক ৬১ শতাংশ বেশি। যদিও গত ডিসেম্বরে ৯ কোটি ৭২ লাখ ডলারের চামড়া ও চামড়াজাত পণ্যের রপ্তানি হয়। এই রপ্তানি ২০২৪ সালের ডিসেম্বরের তুলনায় ১২ দশমিক ৩৬ শতাংশ কম।

হোম টেক্সটাইল খাতের রপ্তানি অবশ্য ইতিবাচক ধারায় আছে। চলতি অর্থবছরের প্রথমার্ধে এই খাতের ৪২ কোটি ডলারের পণ্য রপ্তানি হয়েছে। আগের বছরের একই সময়ের তুলনায় রপ্তানি বেড়েছে ২ দশমিক ৯৩ শতাংশ। যদিও গত ডিসেম্বরে ৭ দশমিক ৭৬ শতাংশ হোম টেক্সটাইলের রপ্তানি কমেছে। এই মাসে ৭ কোটি ৭৫ লাখ ডলারের হোম টেক্সটাইল রপ্তানি হয়েছে।

জানতে চাইলে বাংলাদেশ টেরিটাওয়েল অ্যান্ড লিনেন ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিটিটিএলএমইএ) চেয়ারম্যান এম শাহাদাত হোসেন *প্রথম আলো*কে বলেন, 'বৈশ্বিক বাজারে ব্যবসা আছে। তবে আমরা ক্রয়াদেশ নিতে পারছি না। কারণ, আমাদের প্রতিযোগিতা সক্ষমতা কমছে প্রতিনিয়ত। মূলত গ্যাস-বিদ্যুতের মূল্যবৃদ্ধি ও দুর্নীতির কারণে ব্যবসার খরচ বেড়ে যাওয়ায় আমরা বেশি ভুগছি। ভারত-পাকিস্তানের কাছেই আমরা হোম টেক্সটাইলের ক্রয়াদেশ বেশি হারাচ্ছি।'

এদিকে পাট ও পাটজাত পণ্যের রপ্তানি ইতিবাচক ধারায় থাকলেও প্রবৃদ্ধি খুবই কম। গত ডিসেম্বরে এই খাতের রপ্তানি কমেছে ৪ দশমিক ৪১ শতাংশ। চলতি অর্থবছরের প্রথমার্ধে জুলাই-ডিসেম্বরে ৪২ কোটি ডলারের পাট ও পাটজাত পণ্য রপ্তানি হয়েছে। এ ক্ষেত্রে প্রবৃদ্ধি মাত্র দশমিক ৩১ শতাংশ।

জানতে চাইলে বাংলাদেশ জুট স্পিনার্স অ্যাসোসিয়েশনের (বিজেএসএ) সভাপতি তাপস প্রামাণিক *প্রথম আলো*কে বলেন, 'বিশ্বে এখনো পাটপণ্যের যে বাজার আছে, তার খুব অল্পই আমরা নিতে পেরেছি। উল্টো প্রতিযোগিতা সক্ষমতা কমে যাওয়ায় আমাদের রপ্তানি কমছে। পাটপণ্যের রপ্তানি বাড়াতে নীতিসহায়তার পাশাপাশি কাঁচা পাটের বাজারে শৃঙ্খলা আনতে হবে।'

সমকাল

05 JAN 2026

# কাঁচা পাট রপ্তানি পুরোপুরি বন্ধের দাবি

সমকাল প্রতিবেদক


কাঁচা পাটের রপ্তানি সম্পূর্ণভাবে বন্ধ করার দাবি জানিয়েছে বাংলাদেশ জুট স্পিনার্স অ্যাসোসিয়েশন। গত বৃহস্পতিবার বাংলাদেশ জুট স্পিনার্স অ্যাসোসিয়েশন এ দাবি জানিয়ে বাণিজ্য এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে একটি আবেদন করে। গতকাল রোববার অ্যাসোসিয়েশনের একটি প্রতিনিধি দল বাণিজ্য এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের উপদেষ্টা শেখ বশিরউদ্দীনের সঙ্গে এ বিষয়ে বৈঠকও করেছে।

বাংলাদেশ জুট স্পিনার্স অ্যাসোসিয়েশন বলেছে, বর্তমানে পাটের এই উচ্চমূল্য ও সরবরাহ ঘাটতির কারণে পাটকলগুলো চাহিদা অনুযায়ী কাঁচা পাট সংগ্রহ করতে পারছে না। এ পরিস্থিতিতে অল্প সময়ের মধ্যে অধিকাংশ মিল বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হয়েছে, যা দেশের পাট শিল্পের জন্য এটি একটি মহাবিপদ সংকেত। এ অবস্থায় অতি দ্রুত কাঁচা পাটের রপ্তানি আদেশ প্রত্যাহারে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া প্রয়োজন।

সংগঠনটির মতে, প্রাকৃতিক দুর্যোগসহ নানা কারণে অন্য বছরের তুলনায় গত বছর কাঁচা পাটের উৎপাদন তুলনামূলকভাবে কম হয়েছে। গত সেপ্টেম্বর শর্তসাপেক্ষে কাঁচা পাট রপ্তানি চালু রেখে প্রজ্ঞাপন জারি করে সরকার। ফলে কাঁচা পাটের সরবরাহ সাময়িকভাবে কিছুটা স্বাভাবিক পর্যায়ে এলেও এখন আবার কাঁচা পাটের মূল্য মণপ্রতি চার হাজার ৭০০ থেকে পাঁচ হাজার টাকায় ওঠানামা করছে।

~~বণিক বার্তা~~ সমকাল

0 5 JAN 2026




# পতনের ধারায় রপ্তানি আয় ডিসেম্বরে কমেছে ১৪%

**সমকাল প্রতিবেদক**

রপ্তানিতে স্থবিরতা কাটছেই না। টানা পাঁচ মাস কমলো রপ্তানি আয়। সদ্য সমাপ্ত বছরের ডিসেম্বর মাসে গত বছরের একই মাসের চেয়ে ডিসেম্বের রপ্তানি কমেছে ১৪ দশমিক ২৩ শতাংশ। রপ্তানি হয়েছে ৩৯৭ কোটি ডলারেরও কিছু কম। গত জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রথম ছয় মাসে রপ্তানি আয় এসেছে প্রায় দুই হাজার ৪০০ কোটি ডলার। ছয় মাসের এই রপ্তানি গত ২০২৪-২৫ অর্থবছরের একই সময়ের চেয়ে ২ দশমিক ১৯ শতাংশ কম। অথচ গত অর্থবছরের এই সময়ে তার আগের অর্থবছরের একই সময়ের তুলনায় রপ্তানি ১৩ শতাংশ বেশি হয়েছিল।

রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) গতকাল রোববার রপ্তানির হালনাগাদ প্রতিবেদন প্রকাশ করেছে। এতে দেখা যায়, ২০২৪ সালের ডিসেম্বরের চেয়ে ২০২৫ সালের ডিসেম্বরে রপ্তানি কমলেও গত নভেম্বরের চেয়ে রপ্তানি বেড়েছে প্রায় ২ শতাংশ। এই প্রবণতা গত নভেম্বরে শুরু হয়। ওই মাসে অক্টোবরের চেয়ে রপ্তানি ২ শতাংশ বেশি হয়। আগের মাসের চেয়ে পরপর দুই মাস রপ্তানি বাড়ার এই প্রবণতার মধ্যেও রপ্তানি প্রবৃদ্ধি নেতিবাচক হওয়ার একটি কারণ, গত বছরের এই দুই মাসের রপ্তানিতে মজবুত ভিত্তি। গত বছর এই দুই মাসে স্বাভাবিকের চেয়ে বেশি রপ্তানি হয়। গত বছরের নভেম্বরে রপ্তানিতে প্রবৃদ্ধি ছিল ১৬ শতাংশ। ডিসেম্বরে আরও বেড়ে হয় ১৮ শতাংশ।

রপ্তানি খাতের সবশেষ পরিস্থিতি সম্পর্কে জানতে চাইলে বিজিএমইএর সাবেক সভাপতি এবং জায়ান্ট গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক ফারুক হাসান গতকাল সমকালকে বলেন, অনেক কারণে রপ্তানি চিত্রের এই হতাশাজনক প্রবণতা চলছে। প্রথমত, মার্কিন পাল্টা শুল্কের কারণে বৈশ্বিক বাণিজ্য ব্যবস্থায় যে পরিবর্তন এসেছে তাতে অনেক দেশেই চাহিদা কমেছে। বিশেষ করে একক দেশ হিসেবে বাংলাদেশের প্রধান বাজার যুক্তরাষ্ট্রে আমদানি পণ্যের দাম বেড়ে যাওয়ায় সেখানে ভোক্তা পর্যায়ে ভোগ-ক্ষমতা কমেছে। এ কারণে সেখানে শুধু বাংলাদেশের রপ্তানিই কমেনি, বরং সব দেশেরই রপ্তানি কমছে। এর বাইরে অন্য বড় কারণের মধ্যে রয়েছে বাংলাদেশের রপ্তানি প্রতিযোগিতা সক্ষমতা কমে যাওয়া। এর বেশ কিছু কারণ রয়েছে। যেমন গত বছরের ৪ জানুয়ারি তৃতীয় দেশে পণ্য রপ্তানির জন্য বাংলাদেশকে দেওয়া দীর্ঘ দিনের ট্রান্সশিপমেন্ট সুবিধা বাতিল করেছে ভারত। এ কারণে ভারতীয় স্থল শুল্ক স্টেশন ব্যবহার করে বন্দর এবং বিমানবন্দর দিয়ে তৃতীয় কোনো দেশে পণ্য রপ্তানি করতে পারছে না বাংলাদেশ। এ কারণে রপ্তানিতে লিড টাইম অর্থাৎ ক্রেতা প্রতিষ্ঠানের কাছ থেকে রপ্তানি আদেশ পাওয়ার পণ্য উৎপাদন করে তাদের কাছে পৌঁছানোর সময় আরও বেড়ে গেছে। এ কারণে কিছু ক্রেতা হারিয়েছে বাংলাদেশ।

> অর্থবছরের প্রথম ৬ মাসে রপ্তানি কমেছে ২ শতাংশ। তৈরি পোশাকে ১২ শতাংশ কমেছে

তিনি বলেন, ভারত স্থলবন্দর দিয়ে সুতা আমদানি বন্ধের সিদ্ধান্তেও ক্ষতিগ্রস্ত হতে হয়েছে। কারণ স্বল্প লিড টাইমের উচ্চ মূল্যের পণ্য উৎপাদন এতে কিছুটা ব্যাহত হয়েছে। সাধারণত উচ্চ মূল্যের পণ্য রপ্তানি আদেশে পরিমাণে কম পণ্য থাকে। তবে দ্রুত সরবরাহ করতে হয়। পরিমাণে কম হওয়ায় ভারত থেকে সহজেই স্বল্প পরিমাণে সুতা আমদানি করে পণ্য উৎপাদন করে দ্রুত রপ্তানি করা যেত। সেই সুযোগ এখন আর নেই। এ কারণেও কিছু ক্রেতা আমরা হারিয়েছি। গ্যাস, বিদ্যুতের পুরোনো সংকটের সঙ্গে শ্রমিকদের ৯ শতাংশ হারে ইনক্রিমেন্টসহ আরও কিছু কারণে উৎপাদন ব্যয় বেড়ে সক্ষমতা কমছে। শিগগিরই রপ্তানি খাতের এ পরিস্থিতির পরিবর্তনের সম্ভাবনা নেই।

চলতি অর্থবছরের গত ৬ মাসের রপ্তানি প্রবণতা থেকে দেখা যায়, অর্থবছরের দ্বিতীয় মাসে আগস্ট মাস থেকেই পণ্য রপ্তানি কিছুটা হোঁচট খায়। আগস্টে আয় কমে যায় ৩ শতাংশের মতো। তৃতীয় মাস সেপ্টেম্বরেও সেই ধারা দেখা যায়। মাসটিতে রপ্তানি কমে যায় ৫ শতাংশের মতো। অক্টোবর মাসে রপ্তানি কমে ৭ শতাংশ। নভেম্বরে রপ্তানি আগের অর্থবছরের একই মাসের তুলনায় কম হয় ৬ শতাংশ। অবশ্য অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে রপ্তানি ২৫ শতাংশ বেড়েছিল।

উদ্যোক্তাদের সঙ্গে কথা বলে জানা গেছে, জুলাই মাসে রপ্তানিতে অনেক ভালো প্রবৃদ্ধির কারণ ছিল যুক্তরাষ্ট্রের বাজারে পাল্টা শুল্ক কার্যকর হওয়ার আগের দিন পর্যন্ত কারখানায় রাতদিন কাজ চালিয়ে পণ্য জাহাজীকরণের সর্বোচ্চ চেষ্টা করেছেন উদ্যোক্তারা। ব্র্যান্ড-ক্রেতারাও বাড়তি শুল্ক এড়াতে আগাম আমদানিতে আগ্রহী ছিল। এ কারণে ওই মাসে স্বাভাবিকের চেয়ে বেশি রপ্তানি হয়। গত ৩১ জুলাই ওয়াশিংটনের ঘোষণা অনুযায়ী যুক্তরাষ্ট্রের বাজারে প্রবেশে বাংলাদেশের পণ্যে পাল্টা ২০ শতাংশ শুল্ক ৭ আগস্ট রাত ১২টা ১ মিনিটে কার্যকর হয়।

ইপিবির প্রতিবেদনে দেখা যায়, গত ডিসেম্বরে তৈরি পোশাক ছাড়াও বিভিন্ন গুরুত্বপূর্ণ পণ্যের রপ্তানি কমছে। এর মধ্যে হিমায়িত ও জীবন্ত মাছের রপ্তানি কমেছে ১০ শতাংশের মতো। কৃষিপণ্যের রপ্তানি কমেছে সবচেয়ে বেশি, ২৮ শতাংশ।